ইসলাম প্রতিদিন

# নিত্যপাঠ-০৫

ইসলাম এন্ড লাইফ

ISLAM AND LIFE

ইসলাম এস্টেট (৩য় তলা), ৫৫/১ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
+88 01708 43 41 95, +88 01818 64 65 75
info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

get background at www.twitterevolutions.com

# কুরআন

সূরা: নাসর আয়াত: ০৩ অবতীর্ণ: মক্কা

بِسۡمِ اللهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

اِذَا جَآءَ نَصۡرُ اللهِ وَ الۡفَتۡحُ ۙ﴿١﴾ وَ رَاَيۡتَ النَّاسَ يَدۡخُلُوۡنَ فِىۡ دِيۡنِ اللهِ
اَفۡوَاجًا ۙ﴿٢﴾ فَسَبِّحۡ بِحَمۡدِ رَبِّکَ وَ اسۡتَغۡفِرۡهُ ؕ اِنَّهٗ کَانَ تَوَّابًا ﴿٣﴾

উচ্চারণ: বিসমিল্লাহির রাহমানির রাহিম। ইজা যা’আ নাসরুল্লাহি ওয়াল ফাতহু। ওয়া রাআইতান নাসা ইয়াদখুলুনা ফি দ্বীনিল্লাহি আফওয়াজা। ফাসাব্বিহ বিহামদি রাব্বিকা ওয়াসতাগফিরহু, ইন্নাহু কানা তাওয়্য়াবা।

অর্থ: ১. যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয় ২. আর আপনি মানুষকে দলে দলে আল্লাহ্র দ্বীনে প্রবেশ করতে দেখবেন, ৩. তখন আপনি আপনার রবের প্রশংসাসহ তার পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন এবং তার কাছে ক্ষমা প্রার্থনা করুন, নিশ্চয় তিনি তাওবা কবুলকারী।

# হাদিস

## কিতাব: রিয়াজুসসালিহিন   হাদিস নং: ৬৯৪

وَعَن أَبي هُرَيرَةَ رضي الله عنه: أنَّ رَسُولَ اللهِ
صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: آيَةُ
المُنَافِقِ ثَلاَثٌ: إِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا وَعَدَ أخْلَفَ، وَإِذَا اؤْتُمِنَ
خَانَ . متفقٌ عَلَيْهِ .

زَادَ في رِوَايةٍ لمسلم: وإنْ صَامَ وَصَلَّى وَزَعَمَ أنَّهُ مُسْلِمٌ

অর্থ: ১/৬৯৪। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “মুনাফিকের চিহ্ন হল তিনটি (১) কথা বললে মিথ্যা বলে। (২) ওয়াদা করলে তা খেলাপ করে। এবং (৩) আমানত রাখা হলে তাতে খিয়ানত করে।” (বুখারী ও মুসলিম)

মুসলিমের এক বর্ণনায় আছে, “যদিও সে রোযা রাখে এবং নামায পড়ে ও ধারণা করে যে, সে মুসলিম।”

সহীহুল বুখারী ৩৩, ২৬৮২, ২৭৪৯, ৩১৭৮

# ফিকাহ

কিতাব: আহকামে জিন্দেগী    অধ্যায় : নাপাকীর বর্ণনা    বিষয়: নাপকীর হুকুম

* মৃতকে যে পানি দ্বারা গোসল দেয়া হয় সে পানিও নাপাক।

* রাস্তা-ঘাট বা বাজারে যে পানি বা কাদায় ছিটা কাপড়ে কিংবা শরীরে লাগে তাতে স্পষ্টত কোন নাপাক জিনিস দেখা না গেলে নাপাক নয়। তবে যেসব লোকজন হাটে-বাজারে যাওয়ার অভ্যাস নেই মুত্তাকি লোক তাদের শরীরে এসব পানি পড়লে নাপাকী দেখা না গেলেও ধুয়ে নেয়া উত্তম।

* পেশাবের অতি ক্ষুদ্র ছিটা যা চোখে দেখা যায় না, তার কারনে শরীর বা কাপড় অপবিত্র হয় না। সন্দেহের কারণে ধৌত করার প্রয়োজন নেই।

* ফসল মাড়াই করার সময় তার উপর পশু পস্রাব করলে তা নাপাক হবে না।